

যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ১২৮৯

১/ বিবিধ

আরবী

يطهر الدباغ الجلد، كما تخلل الخمرة فتطهر
لا أصل له

كما في " التحقيق " لابن الجوزي، و" التنقيح " لابن عبد الهادي (1/15/2) والأحاديث في أن الإهاب يطهره الدباغ صحيحة معروفة في مسلم والسنن والمسائيد وغيرها، مثل حديث ابن عباس مرفوعا " أيما إهاب دبغ فقد طهر " وهو مخرج في غاية المرام في تخريج أحاديث الحلال والحرام " (28) ، وإنما أوردته من أجل الشطر الثاني منه الدال على أن الخمرة نجسة في الأصل، فليس في الأدلة الشرعية من الكتاب والسنة ما يؤيد أن الخمرة نجسة، ولذلك ذهب جماعة من الأئمة إلى أنها طاهرة، وأنه لا تلازم بين كون الشيء محرما وكونه نجسا. ومن هؤلاء الليث بن سعد وربيعة الرأي وغيرهم ممن سماهم العلامة القرطبي في " تفسيره " ، فليراجعه من شاء، وهو اختيار الإمام الشوكاني في " السيل الجرار " (1/35 - 37) وغيره

বাংলা

১২৮৯। চর্মশোধন চামড়াকে পবিত্র করে দেয় যেরূপ মদ খিল্লা দ্বারা পবিত্র হয়ে যায়।

হাদীসটির কোন ভিত্তি নেই (ভিত্তিহীন)।

যেমনটি ইবনুল জাওয়ীর "আত-তাহকীক" ও ইবনু আদিল হাদীর "আত-তানকীহ" গ্রন্থে (১/১৫/২) এসেছে।

পশুর চামড়াকে শোধান করলে পবিত্র হয়ে যায় মর্মে সহীহ মুসলিম প্রমুখ হাদীস গ্রন্থে সহীহ হাদীস বর্ণিত হয়েছে।

এখানে হাদীসটি উল্লেখ করা হয়েছে দ্বিতীয় বাক্যটির কারণে। কারণ দ্বিতীয় বাক্যটি প্রমাণ করেছে যে, মদ মূলগতভাবেই অপবিত্র। কিন্তু শারীয়াতের মধ্যে কুরআন এবং হাদীস থেকে এমন কোন দলীল পাওয়া যায় না যে তা মদ নাপাক হওয়াকে সমর্থন করে। এ কারণেই একদল আলেম এ মত প্রকাশ করেছেন যে, মদ মূলগতভাবে পবিত্র। কারণ, কোন বস্তু হারাম হলে হারাম হওয়াটা সে বস্তুটির নাপাক হওয়াকে অপরিহার্য করে না। লাইস ইবনু সা'দ ও রাবী'য়াহ প্রমুখ এ মত পোষণ করেছেন, তাদের অনেকের নাম ইমাম কুরতুবী তার তাফসীর গ্রন্থে উল্লেখ করেছেন। ইমাম শাওকানীও "আস-সাইলুল জারাদ" গ্রন্থে (১/৩৫-৩৭) এ মতকে পছন্দ করেছেন।

হাদিসের মান: জাল (Fake) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=72168>

🔒 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন